JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/11/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2019 ক্যাটস্কিল চ্যালেঞ্জের গ্রীষ্মকালীন পর্যটন ক্যাম্পেইনে নতুন "সি দ্য ক্যাটস্কিলস লাইক নেভার বিফোর/সম্পূর্ণ অদেখা ক্যাটস্কিল অবলোকন করুন" এর সূচনা করেছেন

প্রচারাভিযানের লক্ষ্য্য হলো এই অঞ্চলে আরও বেশী দর্শক নিয়ে আসা এবং এতে টিভি এবং ডিজিটাল প্ল্যাটফর্মসমূহের জন্য নতুন আমি নিউ ইয়র্ক ভালোবাসি (I LOVE NY) বিজ্ঞাপনসমূহ, একটি নতুন ট্যুরিজম ওয়েবসাইট ও অ্যাপ এবং প্রিন্ট ব্রুশিয়ারগুলি অন্তর্ভুক্ত - বিজ্ঞাপনগুলো দেখুন এখানে ও এখানে

এই অঞ্চলে নতুন এবং মৌসুমী হাইকারদেরকে নিয়ে আসার জন্য প্রচারাভিযান কর্মসূচিতে "ক্যাটস্কিলস ফায়ার টাওয়ার ফাইভ চ্যালেঞ্জ" এবং "আমাদের সাথে হাইক করুন • ক্যাটস্কিলস" অন্তর্ভুক্ত করা হয়েছে

ক্যাটস্কিলস এ আরও বেশী দর্শক আনতে 2011 সাল থেকে এ পর্যন্ত 40 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো 2016 সালের ক্যাটস্কিল চ্যালেঞ্জ এবং পর্যটন প্রচারের সফলতার পর এই মৌসুমে ক্যাটস্কিল এ আরও দর্শক আনতে একটি নতুন তিন স্তরবিশিষ্ট গ্রীষ্মকালীন পর্যটন প্রচারণা ঘোষণা করেছেন। এই বছরের 2019 সালের ক্যাটস্কিল চ্যালেঞ্জে ঘোষিত নতুন "সি দ্য ক্যাটস্কিলস লাইক নেভার বিফোর" প্রচারাভিযানটিতে একটি নতুন টিভি এবং অনলাইন বিজ্ঞাপন এবং মিড-হডসন অঞ্চলের বিনোদনমূলক সুযোগ-সুবিধাগুলি এবং বিশ্বমানের পর্যটন গন্তব্যসমূহ প্রচারের জন্য সুনির্দিষ্ট বিপণন সামগ্রী অন্তর্ভুক্ত থাকবে। প্রচারাভিযানের সিগনেচার কর্মসূচিতে নতুন ক্যাটস্কিলস ফায়ার টাওয়ার ফাইভ চ্যালেঞ্জ অন্তর্ভুক্ত যা এই অঞ্চলের পাঁচটি অবশিষ্ট ফায়ার টাওয়ার পরিদর্শনের জন্য দেখার জন্য অভিজ্ঞ হাইকারদের উৎসাহিত করবে এবং আমাদের সাথে হাইক করুন • ক্যাটস্কিলস রয়েছে যার লক্ষ্য্য থাকবে কিছু নির্দেশিকা প্রত্যাশী নতুন হাইকারগণ। লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হেচুল সহ নির্বাচিত কর্মকর্তা ও কমিউনিটির সদস্যরা দর্শনার্থীরা উপভোগ করতে পারে এমন অনেক আউটডোর ক্রিয়াকলাপ প্রদর্শন করতে এই বছরের ক্যাটস্কিল চ্যালেঞ্জে অংশগ্রহণ করেছিলেন। 2011 সালে অফিসের দায়িত্ব গ্রহণের পর থেকে গভর্নর কুওমো ক্যাটস্কিলগুলিতে পর্যটন বৃদ্ধির জন্য 40 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন।

"নিউ ইয়র্কের ইতিহাসে ক্যাটস্কিলগুলির একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এবং আমরা আরও বেশি লোককে দেখাতে চাই", **গভর্নর কুওমো বলেন।** "এই স্টেটের শীর্ষ অর্থনৈতিক ইঞ্জিনগুলির মধ্যে একটি হল পর্যটন এবং আমরা এটিকে আরও শক্তিশালী করতে চাই এবং নিউ ইয়র্কে স্টেটের

সৌন্দর্য বোঝার জন্য আপনাকে যে জায়গাগুলো পরিদর্শন করতে হবে তার তালিকার শীর্ষস্থানে ক্যাটস্কিলগুলি নিয়ে আসতে চাই। এটিই ক্যাটস্কিল চ্যালেঞ্জ এবং এই নতুন পর্যটন প্রচারণা এবং হাইকিং প্রোগ্রাম সব কিছু একে কেন্দ্র করেই এবং আমরা আগের চেয়ে আরও বেশি দর্শকদের নিয়ে আসার জন্য বিনিয়োগ চালিয়ে যাচ্ছি।"

"ক্যাটস্কিলগুলি সারা বছর দর্শকদের আকর্ষণ করে যা স্থানীয় ব্যবসার জন্য একটি উল্লেখযোগ্য প্রবৃদ্ধি প্রদান করে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হেচুল বলেন, যিনি এই বছরের চ্যালেঞ্জে অংশগ্রহণ করেছিলেন।** "আমাদের নতুন পর্যটন প্রচারণা এবং প্রোগ্রাম মিড-হডসন অঞ্চলের প্রচার করবে এবং আরও ব্যক্তি এবং পরিবারকে ক্যাটস্কিলগুলি উপভোগ করার জন্য উৎসাহিত করবে। আমরা জানি পর্যটন শিল্প এবং সুলিভান কাউন্টির এবং আশেপাশের এলাকাসমূহের অর্থনীতির প্রবৃদ্ধির জন্য এটি একটি নিশ্চিত উপায়।"

2019 ক্যাটস্কিল চ্যালেঞ্জটি স্টেটের ও স্থানীয় কর্মকর্তাদের এবং পর্যটন শিল্প নেতাদের সাথে আগত অতিথিদেরকে সুলেভান কাউন্টিতে একদিনের আউটডোর ক্রিয়াকলাপে স্বাগত জানায়, যা এই অঞ্চলকে প্রদর্শন করে। আজ অনুষ্ঠিত ইভেন্টসমূহের মধ্যে রয়েছে: উইলোমোক ক্রিকের উপর ফ্লাই ফিশিং; প্যাডলিং, ভলিবল এবং লেক সুপেরিয়র স্টেট পার্কে সাঁতার কাটা; স্টেট ডিপার্টমেন্ট অভ এনভায়রনমেন্টাল কনর্সাভেশন (Department of Environmental Conservation, DEC) এর মঙ্গো পন্ড ক্যাম্পগ্রাউন্ড (Mongaup Pond Campground) এর নিকটে অবস্থিত ফ্রিক পন্ড লুপ (Frick Pond Loop) হাইকিং; ক্লসবার্গে নবনির্মিত হার্লিভ্যাল মিল্ক ট্রেইল (Hurleyville Milk Trail) বরাবর বাইকিং; বেথেল এর রোলিং স্টোন র‍্যাঞ্চ (Rolling Stone Ranch) এ ঘোড় সওয়ারি; লখমোর গল্ফ কোর্স (Lochmor Golf Course)-এ গল্ফের নয়টি গর্ত এবং মূল উডস্টক মিউজিক অ্যান্ড আর্ট ফেয়ারের সাইটে সঙ্গীত এবং যোগব্যায়াম।

বেথেল উডস সেন্টার ফর দ্য আর্টস (Bethel Woods Center for the Arts)-এ একটি টেস্টি এনওয়াই (Taste NY) খাদ্য ও পানীয় অভ্যর্থনার মাধ্যমে দিনটি সমাপ্ত হয় যেখানে গভর্নর কুওমো আইকনিক 1969 কনসার্টের 50 বছর পূর্তিকে উদযাপনকারী আসন্ন ইভেন্টসমূহের প্রারম্ভে "1969 উডস্টক মিউজিক অ্যান্ড আর্ট ফেয়ারের 50 তম বার্ষিকী (The 50th Anniversary Celebration of the 1969 Woodstock Music & Art Fair)" ঘোষণা করেন। ঘোষণাটি অ্যালান গ্যারি কর্তৃক গৃহীত হয়েছিল যিনি এই গ্রহণ করেছিলেন, যিনি মূল কনসার্টের জায়গায় বেথেল উডস সেন্টার অব আর্টস নির্মাণের জন্য অর্থায়ন করতে সহায়তা করেছিলেন। ঘোষণাটির একটি কপি এখানে পাওয়া যাবে।

চ্যালেঞ্জের পর গভর্নর কুওমো "সি দ্য ক্যাটস্কিলস লাইক নেভার বিফোর" প্রচার শুরুর ঘোষণা দেন, যা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) এবং পরিবেশ সংরক্ষণ বিভাগ (DEC) কর্তৃক পরিচালিত হবে। প্রচারণা এর দুটি সিগনেচার কর্মসূচির মধ্যে রয়েছে ক্যাটস্কিলস ফায়ার টাওয়ার ফাইভ চ্যালেঞ্জ এবং আমাদের সাথে হাইক করুন · ক্যাটস্কিলস।

ক্যাটস্কিলস ফায়ার টাওয়ার ফাইভ চ্যালেঞ্জ

ক্যাটস্কিলস ফায়ার টাওয়ার ফাইভ চ্যালেঞ্জ অভিজ্ঞ হাইকারদেরকে বেলসাম লেক মাউন্টেন (হার্ডেনবার্গ), হান্টার মাউন্টেন (হান্টার), ওভারলুক মাউন্টেন (উডস্টক), রেড হিল মাউন্টেন

(ডেনিং) এবং ট্রেম্পার মাউন্টেন (স্যান্ডাকেন) এ অবস্থিত অবশিষ্ট পাঁচটি ফায়ার টাওয়ার পরিদর্শনের জন্য উৎসাহিত করে। হাইকাররা প্রত্যেকটি ফায়ার টাওয়ার থেকে তাদের নিজেদের এবং হাইকিং সঙ্গীদের সাথে তোলা সেলফিসমূহ হাইকের তারিখসহ এবং তাদের হাইক সম্পর্কিত যেকোনো গল্পকে জমা দিতে পারবে এখানে CatskillsChallenge@dec.ny.gov। এই চ্যালেঞ্জটি সম্পন্নকারী প্রথম 500 জন ব্যক্তি সিজনের জন্য একটি বিনামূল্যে পার্ক পাস পাবে এবং ক্যাটস্কিলের বৈশিষ্ট্য সম্বলিত নিউ ইয়র্ক স্টেট লাইসেন্স প্লেটের একটি বিশেষ স্মারক সংস্করণের জন্য যোগ্য হবে। চ্যালেঞ্জ সম্পন্নকারী সকল অংশগ্রহণকারী একটি শংসাপত্র, বিশেষভাবে নকশাকৃত স্মারক পিন এবং DEC এর *কনজার্ভেশনিস্ট (Conservationist)* ম্যাগাজিনের এক বছরের সাবস্ক্রিপশন পাবেন। এই প্রতিযোগিতা 31 ডিসেম্বর 2019 পর্যন্ত চলবে। আরও তথ্য পাওয়া যাবে এই ঠিকানায় firetowerchallengeny.com।

আমাদের সাথে হাইক করুন • ক্যাটস্কিলস

আমাদের সাথে হাইক করুন • ক্যাটস্কিলস কে হাইকিং এ নবাগত পরিবারসমূহের জন্য সাজানো হয়েছে। 15টি শিক্ষানবিস-পর্বের এই সিরিজটি একটি মজাদার, নিরাপদ, প্রারম্ভিক অভিজ্ঞতা প্রদানের জন্য ডিজাইন করা হয়েছে যা অংশগ্রহণকারীদের জন্য শিক্ষাগত বার্তা এবং বহিরাঙ্গন দক্ষতাবলী প্রদানের সময় অব্যাহত অংশগ্রহণকে উৎসাহিত করে। নির্দেশিত হাইকগুলি দুই থেকে ছয় মাইল পর্যন্ত বিস্তৃত এবং গ্রীন, সুলিভান এবং উলস্টার কাউন্টিতে অনুষ্ঠিত হবে।

প্রতিটি হাইকিং অবস্থানের সাথে মিলিত হওয়ার জন্য, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট অন্যান্য কার্যক্রম, আকর্ষণসমূহ এবং আগ্রহের বিষয়গুলি সম্বলিত ভ্রমণপথসমূহ তৈরি করেছে যার মধ্যে খাওয়া এবং থাকার ব্যবস্থা করার জন্য সুপারিশ অন্তর্ভুক্ত রয়েছে। ভ্রমণপথগুলি DEC "পকেট রেঞ্জার" অ্যাপ্লিকেশনে (অ্যাপ স্টোরে, নিউ ইয়র্ক ফিশ অ্যান্ড ওয়াইল্ডলাইফ অ্যাপ অনুসন্ধান করুন) এবং এখানে iloveny.com/Catskills পাওয়া যাবে।

আমাদের সাথে হাইক করুন • ক্যাটস্কিলস কর্মসূচি গভর্নর কুওমোর "হেলথ অ্যাক্রস অল পলিসিজ/বয়স বান্ধব NY" নির্বাহী আদেশকে সমর্থন করে, যা স্টেট এজেন্সিগুলোকে সংশ্লিষ্ট সকল প্রকল্প ও পলিসিতে বয়স- ও স্বাস্থ্য- বান্ধব কমিউনিটির নীতিমালা অন্তর্ভুক্তকরণের নির্দেশনা দেয়।

আমাদের সাথে হাইক করুন • ক্যাটস্কিলস সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে এখানে http://on.ny.gov/hikewithus।

নতুন নিউ ইয়র্ক ভালোবাসি টিভি ও ডিজিটাল বিজ্ঞাপন

ESD ফায়ার টাওয়ার ফাইভ চ্যালেঞ্জ ও আমাদের সাথে হাইক করুন • ক্যাটস্কিলস এর প্রচারকারী একটি নতুন বিজ্ঞাপন এর মাধ্যমে ক্যাটস্কিলস এর প্রচারণায় একটি নতুন ক্যাম্পেইন শুরু করবে। আরেকটি 30-সেকেন্ডের স্পট এর বৈশিষ্ট্য হলো উইন্ডহাম মাউন্টেন বাইক পার্কে মাউন্টেন বাইকিংয়ের রোমাঞ্চ এবং হান্টার মাউন্টেন জিপলাইন ধরে খাড়াভাবে নেমে আসা; ওভারলুক মাউন্টেন এর ফায়ার টাওয়ার হাইকিং; উডস্টক-এর টিঙ্কার স্ট্রিটের পাশের স্থানীয় ব্যবসায়ীদের থেকে কেনাকাটা এবং ফনিশিয়া এর উডস্টক ব্রিউইং এ হাতে তৈরি বেভারেজসমূহের নমুনা সংগ্রহ করা; মাউন্ড ট্রাম্পারের মরিস ডি হিনছে ক্যাটস্কিল ভিজিটর সেন্টার (Maurice D. Hinchey Catskill Visitor Center) এবং এমারসন রিসোর্ট এবং স্পা (Emerson Resort and Spa) এ

বিশ্বের সর্ববৃহৎ ক্লাইডস্কোপ উদঘাটন করা এবং গ্রিন কাউন্টি এর নর্থ সাউথ লেক ক্যাম্পের স্থান এ ক্যাম্পিং করা। বিজ্ঞাপনসমূহ সম্প্রচার এবং ডিজিটাল প্ল্যাটফর্মসমূহে চালানো হবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "নিউ ইয়র্কের আশ্চর্যজনক প্রাকৃতিক দৃশ্যগুলি রেকর্ড সংখ্যক পর্যটকদের আকর্ষণ করে এবং ক্যাটস্কিল চ্যালেঞ্জ আমাদের অন্যতম একটি এলাকা এবং নিউ ইয়র্ক স্টেটে আগত দর্শকদেরকে অফারের জন্য অসংখ্য অবকাশ কার্যক্রম, অভিজ্ঞতা এবং গন্তব্যসমূহকে প্রদর্শন করে।"

পার্কস এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "ক্যাটস্কিলসমূহ তাদের আদিম হ্রদ, শ্বাসরুদ্ধকর দৃশ্যাবলী এবং নৈসর্গিক হাইকিং ট্রেইলসমূহের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের আশ্চর্যজনক প্রাকৃতিক সম্পদসমূহ প্রদর্শন করে। আমি পরিবারবর্গ এবং বন্ধুদেরকে ক্যাটস্কিলসমূহে এবং এর আশেপাশের অবিশ্বাস্য বিনোদনমূলক সুযোগসুবিধাসমূহ উন্মোচন করার জন্য উৎসাহিত করি।"

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "ক্যাটস্কিল পার্কটি নিউ ইয়র্কের বাইরে যেতে প্রত্যাশী ও অনুসন্ধিৎসু লক্ষ লক্ষ অধিবাসী এবং তাদের পরিবারবর্গ থেকে একটি সংক্ষিপ্ত ড্রাইভ দূরে অবস্থিত। DEC এর নির্দেশিত হাইক এবং ক্যাটস্কিলস ফায়ার টাওয়ার ফাইভ চ্যালেঞ্জ নিউ ইয়র্কের অধিবাসীদেরকে বাইরে বেড়িয়ে আসা এবং বাড়ির কাছে তাদের নিজস্ব অ্যাডভেঞ্চারসমূহ খুঁজে পাওয়ার পাশাপাশি নিউ ইয়র্কের ফায়ার টাওয়ারের ইতিহাস সম্পর্কে জানতে এবং ক্যাটস্কিল পার্কের সৌন্দর্যের অভিজ্ঞতা অর্জনের জন্য উৎসাহিত করে।"

সেনেটর জেন মেজগার বলেন, "আমাদের মধ্যে যারা এই অঞ্চলে বসবাস করে তারা ক্যাটস্কিল অঞ্চলের কাছে থাকা আউটডোর অ্যাডভেঞ্চারসমূহ, শিল্প এবং সংস্কৃতির অসাধারণ বৈচিত্র্য সম্পর্কে অবগত আছেন। এটিকে ক্যাটস্কিল চ্যালেঞ্জের মাধ্যমে হাইলাইট করতে দেখা অসাধারণ এবং আমি পুরনো বন্ধুদের সাথে দেখা করতে এবং দিনের কর্মকাণ্ডে অংশগ্রহণকারী নতুন দর্শকদের স্বাগত জানানোর জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি!"

এসেম্বলি সদস্য এইলিন গুনথার বলেন, "প্রতি বছর নিউ ইয়র্কের অধিবাসী এবং পর্যটকগণ একইভাবে ক্যাটস্কিল অঞ্চলের সমৃদ্ধ সৌন্দর্য এবং ইতিহাসকে উদঘাটন করেন। পর্যটন আমাদের কমিউনিটিসমূহের জন্য একটি অর্থনৈতিক ইঞ্জিন হিসাবে কাজ করে এবং আরও বেশী সংখ্যক মানুষ কর্তৃক ক্যাটস্কিল এর অফার করার মত সবকিছুর অভিজ্ঞতা অর্জন করতে সক্ষম হওয়া নিশ্চিত করতে গভর্নরের অব্যাহত অঙ্গীকারের জন্য আমরা কৃতজ্ঞ।"

সুলিভান কাউন্টির আইন-প্রণেতা চেয়ারম্যান লুইস এলভারেজ বলেন, "বিভিন্ন প্রজন্ম, পরিবার একত্রে এগিয়ে এসেছে ও ক্যাটস্কিলগুলিতে বিভিন্ন স্মৃতি তৈরি করেছে এবং আমরা আরও অনেক লোককে আমাদের প্রাকৃতিক দৃশ্য দেখার জন্য উৎসাহিত করার জন্য গভর্নরকে ধন্যবাদ জানাই। আজ ঘোষণা করা নতুন প্রোগ্রামসমূহ ক্যাটস্কিলগুলির ভান্ডারে থাকা সবকিছু জানতে আগ্রহী নবীন এবং অভিজ্ঞ অনুসন্ধানকারীদের জন্য আদর্শ।"

আলস্টার কাউন্টির নির্বাহী প্যাট রায়ান বলেন, "ক্যাটস্কিলগুলি শিল্প, সংস্কৃতি এবং আনন্দ সম্বলিত বহিরঙ্গন কার্যক্রমসমূহের একটি প্রাচুর্যময় সমন্বয়। আমি আমাদের অঞ্চলের আরও পর্যটন

আনার অঙ্গীকার এবং ক্যাটস্কিল চ্যালেঞ্জের মাধ্যমে এটির প্রাকৃতিক সৌন্দর্য হাইলাইট করার জন্য গভর্নর কুওমোর প্রতি কৃতজ্ঞ। আগামী বছরগুলিতে আমরা এই গৌরবান্বিত পার্কগুলিতে নতুন এবং পরিচিত মুখসমূহকে স্বাগত জানানোর জন্য অধীর হয়ে আছি।"

2011 সালে অফিসের দায়িত্ব গ্রহণের পর গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেটের পর্যটন শিল্পে অভূতপূর্ব বিনিয়োগ করেছেন, যার মধ্যে ক্যাটস্কিল অঞ্চলে পর্যটন উন্নয়নের জন্য 40 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অন্তর্ভুক্ত। এই প্রচেষ্টার ফলে ঐতিহাসিক সংখ্যক দর্শনার্থী এবং প্রত্যক্ষ ব্যয় সাধিত হয়েছে।

2017 সালে, নিউ ইয়র্কে রেকর্ড সংখ্যক 243.8 মিলিয়ন পর্যটক আসেন যারা 67.6 বিলিয়ন ডলার খরচ করেছে, যা টানা চতুর্থ বছরের মত সর্বমোট 100 বিলিয়ন ডলারের অর্থনৈতিক প্রভাব ফেলেছে। বার্ষিক 938,400টি চাকরি সৃষ্টি করার মাধ্যমে পর্যটন এখন স্টেটের তৃতীয় বৃহত্তম কর্মসংস্থান সৃষ্টিকারী।

2017 সালে প্রায় 12 মিলিয়ন মানুষ ক্যাটস্কিল ভ্রমণ করেছেন - 2016 সালের তুলনায় 268,000 জন বেশি এবং 2011 সাল থেকে 18 শতাংশ বৃদ্ধি পেয়েছে। আঞ্চলিক পর্যটন ভ্রমণকারীদের প্রত্যক্ষ ব্যয় থেকে 1.3 বিলিয়ন মার্কিন ডলারের বেশী আয় করা সহ 161 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট ও স্থানীয় কর অর্জিত হয়েছে এবং চারটি কাউন্টি জুড়ে 18,500-এর বেশি কর্মসংস্থানে সহায়তা করেছে।

গভর্নর কুওমোর অ্যাডভেঞ্চার এনওয়াই (Adventure NY) উদ্যোগের অধীনে DEC স্বাস্থ্যকর, সক্রিয় বহিরাঙ্গন বিনোদনসমূহে অ্যাক্সেস প্রসারিত করার জন্য কৌশলগত বিনিয়োগ করছে, নিউ ইয়র্কের অধিক সংখ্যক অধিবাসীকে ও দর্শনার্থীদেরকে প্রকৃতি এবং আবিরের জগতের সাথে যুক্ত করছে, প্রাকৃতিক সম্পদগুলি রক্ষা করছে এবং স্থানীয় অর্থনীতিগুসমূহকে আরও শক্তিশালী করে তুলছে। এই উদ্যোগ আসন্ন বছরগুলিতে 75টিরও বেশি প্রকল্পের সমাপ্তিতে সহায়তা করবে, যা থেকে যুব ক্যাম্প এবং পরিবেশগত শিক্ষা কেন্দ্রের উন্নয়ন থেকে শুরু করে নতুন বোট লাঞ্চ, ডাক ব্লাইন্ড এবং হাইকিং ট্রেইলসমূহ পর্যন্ত বিস্তৃত। নিউ ইয়র্ক স্টেটে আউটডোর অ্যাডভেঞ্চার পরিকল্পনা সম্পর্কে আরও তথ্যের জন্য, DEC এর ওয়েবসাইট দেখুন এখানে http://www.dec.ny.gov/outdoor।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন